

## মুক্তিযোদ্ধা বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব মোঃ জিয়াউল হক জিয়া  
 ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট

সভার তারিখ : ১৬/০৫/২০২৩খ্রি.  
 সময় : বিকাল ০৩.০০ ঘটিকা  
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি মুক্তিযোদ্ধা বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপজেলা মুক্তিযোদ্ধা বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণের জন্য ০৫ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক পরিচালিত হচ্ছে। উক্ত ভবনের ১২টি দোকান ঘর বিভিন্ন ব্যক্তি/ব্যবসায়িক প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করা হয়েছে। জানুয়ারি/২০২৩ এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত উক্ত ভবনের ৩৬,০০০/- টাকা ভাড়া বকেয়া রয়েছে। বকেয়া ভাড়া আদায়ে জোর প্রচেষ্টা চলমান রয়েছে।	বকেয়া ভাড়া আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ কমিটির সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসেবা অফিসার আক্কেলপুর উপজেলা
০২	বীর নিবাস নির্মাণের অগ্রগতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	সভায় উপস্থিত উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, এ উপজেলায় ১ম পর্যায়ে ১১ জন বীর মুক্তিযোদ্ধার বীর নিবাসের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ে ৪৩ জন বীর মুক্তিযোদ্ধার মধ্যে ৩৬ জনের জন্য বীর নিবাস তৈরির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বাকী ০৭টি বীর নিবাসের নির্মাণ কাজ চলমান রয়েছে।	গুণগত মান অক্ষুণ্ণ রেখে বীর নিবাস নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য এতদসংক্রান্ত কমিটির সভাপতিকে অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসেবা অফিসার আক্কেলপুর উপজেলা
০৩	বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা প্রদান বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা যথাযথভাবে প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে বীর মুক্তিযোদ্ধাদের এমআইএস সম্পন্ন করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধাগণ এখন থেকে ব্যাংকের মাধ্যমে সরাসরি সম্মানি ভাতা প্রাপ্ত হচ্ছেন।	বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা প্রাপ্তির ক্ষেত্রে যাতে কোনরূপ হ্রাস না হয়, সে বিষয়ে সজাগ থাকার জন্য ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ আক্কেলপুর শাখাকে অনুরোধ করা হয়।	ম্যানেজার সোনালী ব্যাংক লিঃ আক্কেলপুর শাখা

আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
 (মোঃ জিয়াউল হক জিয়া)  
 ভাইস-চেয়ারম্যান  
 উপজেলা পরিষদ  
 আক্কেলপুর, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
আক্কেলপুর, জয়পুরহাট

তারিখঃ ১৬/০৫/২০২৩ খ্রি.

নং-০৫.৪৩.৩৮১৩.০০০.০৪.০৩২.২৩-

- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ
- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৩। উপজেলা সমাজসেবা অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৪। উপজেলা..... অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৫। চেয়ারম্যান, বুকিন্দীপুর/সোনামুখী/গোপীনাথপুর/তিলকপুর/রায়কালী ইউপি, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ আক্কেলপুর শাখা
- ০৭। জনাব ..... আক্কেলপুর, জয়পুরহাট
- ০৮। অফিস কপি

  
(মোঃ জিয়াউল হক জিয়া)  
ভাইস-চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
আক্কেলপুর, জয়পুরহাট